

**AKASHVANI (Kolkata
Regional News Unit**

Date: 10-11-2025

Time : 7.35 AM

DEO : KB

Desk in Charge : S.D.G.

Compiling : Sudip B.

NRT : Sudip Basu

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

- ১/ এনুমারেশন ফর্ম বিলি সংক্রান্ত কাজকর্মের দিক থেকে ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে পশ্চিমবঙ্গ রয়েছে দ্বিতীয় স্থানে।
- ২/ SIR নিয়ে রাজ্যের শাসক দল BLO-দের নানাভাবে হেনস্থ করার পাশাপাশি অপপ্রচার চালাচ্ছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।
- ৩/ জাতীয় স্তোত্র 'বন্দে মাতরম'-এর দেড়শো বছর পূর্তি উদ্যাপনে আজ একটি পদ্যাভ্যাস নেতৃত্ব দেবেন, রাজ্যপাল ডেন্টের সিভি আনন্দ বোস। #রাজ্য সরকার বন্দেমাতরম-এর সার্ধশতবর্ষ পালনে উদ্দেশ্যপ্রণোদিতভাবে বাধা দিচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে।
- ৪/ কেন্দ্রীয় সরকার অধিক মাত্রায় গুরুত্বপূর্ণ খনিজ পদার্থ অনুসন্ধানে ৩৪ হাজার কোটি টাকা বরাদ্দ করেছে বলে খনি মন্ত্রী জি কিষাণ রেড্ডি জানিয়েছেন।
- ৫/ প্রাকৃতিক বিপর্যয় বিধিস্ত উত্তরবঙ্গে পুনর্বাসনের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ আবার সেখানে যাচ্ছেন।
- ৬/ উত্তুরে বাতাসে ভর করে রাজ্য জুড়ে শীতের আমেজ।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR সংক্রান্ত সামগ্রিক কাজ সহ এনুমারেশন ফর্ম বিলির ক্ষেত্রে ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থানে রয়েছে। সম্প্রতি তিনদিনের উত্তরবঙ্গ সফরকালে রাজ্যের এই সাফল্যকে সাধুবাদ জানিয়েছেন সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী। তুল্যমূল্য চিত্র প্রকাশ করে সেই সাফল্যকে স্বীকৃতি দিয়েছে নির্বাচন কমিশন।

সর্বশেষ পাওয়া খবরে গতরাত আটটা পর্যন্ত রাজ্য ৫ কোটি ১৫ লক্ষের বেশী এনুমারেশন ফর্ম বিলি করা হয়েছে।

নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, গত পাঁচ দিনে এনুমারেশন ফর্ম বিলির ক্ষেত্রে রাজ্যগুলির গড় শতাংশের বিচারে অঙ্গরাজ্য হিসেবে গোয়ার পরেই রয়েছে পশ্চিমবঙ্গ।

রাজ্য এন্যুমারেশন ফর্ম বিতরণ নিয়ে বিতর্ক অব্যাহত।

পশ্চিম মেদিনীপুরের পিংলা বিধানসভার ১৩২ নম্বর বুথের BLO-র বদলে তাঁর স্বামী এন্যুমারেশন ফর্ম বিলি করছেন বলে অভিযোগ উঠেছে। কবিতা রাউত দে নামে ওই BLO-র স্বামী স্বপন দে, ত্রণমূল কংগ্রেস ঘনিষ্ঠ বলে অভিযোগ। স্থানীয় বিজেপি নেতৃত্ব নির্বাচন কমিশনের কাছে অভিযোগ দায়ের করেছে।

কোলাঘাটে বিরোধী দলগুলি চালিশ নম্বর বুথের BLO-র নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছে। শীতল মন্ডল নামে ওই ব্যক্তি সক্রিয় ত্রণমূল কংগ্রেস কর্মী, এই মর্মে বিডিও-র কাছে অভিযোগ দায়ের করেছে বিজেপি।

অন্যদিকে, পুরুলিয়া শহরের ১০ নম্বর ওয়ার্ডের ১৮২ নম্বর বুথে'ও, বিএলও-র পরিবর্তে তাঁর স্বামী ওই ফর্ম বিতরণ করছেন বলে অভিযোগ উঠেছে। BLO দেবযানী দাশগুপ্ত জানিয়েছেন, শাশুড়ি ও সন্তান অসুস্থ থাকায় তাঁর স্বামী অর্ব মল্লিক ফর্ম বিলি করছেন।

এদিকে, হাওড়ার উন্সানির সর্দার পাড়ায় ত্রণমূল কংগ্রেসের SIR সহায়তা ক্যাম্প থেকে বিএলও-র এন্যুমারেশন ফর্ম বিলির ঘটনায় বিতর্ক দানা বেঁধেছে। যদিও বিএলও

শেখ খাজা খইরুল ইসমাইলের দাবি, তিনি সেখানে বসে ফর্ম বাছাই করছিলেন। সেই সময়ে নিজেদের সুবিধার্থে এলাকার কয়েকজন তার কাছ থেকে ফর্ম নিয়ে গেছেন।

উল্লেখ্য, বুথ লেভেল অফিসার বিএলও-রা বাড়ি বাড়ি না গিয়ে এন্যুমারেশন ফর্ম অন্য জায়গা থেকে বিলি করছেন, এমন অভিযোগের প্রেক্ষিতে ইতোমধ্যেই সক্রিয় হয়েছে নির্বাচন কমিশন। ৮জন BLO-কে শো কজও করা হয়েছে।

পূর্ব বর্ধমানের কালনায় রাস্তা থেকে, দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটের বেশ কিছু এন্যুমারেশন ফর্ম উদ্বারের ঘটনায় চাপ্পল্য ছড়িয়েছে।

হাটকালনা পঞ্চায়েতের উত্তর গোয়ারা এলাকায় গতকাল রাস্তার উপর কিছু কাগজ পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। পরে পুলিশ পৌঁছে ফর্মগুলি উদ্বার করে নিয়ে যায়। কালনার মহকুমাশাসক জানিয়েছেন, এন্যুমারেশন ফর্ম নিয়ে কলকাতা থেকে বালুরঘাট যাওয়ার সময় গাড়ি থেকে কিছু ফর্ম পড়ে যায়। মোট একুশটি ফর্ম পাওয়া গিয়েছে।

SIR নিয়ে রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেস লাগাতার অপপ্রচার চালানোর পাশাপাশি, এর সঙ্গে যুক্ত BLO-দের নানাভাবে হেনস্থা করছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। রাজ্য সরকারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে এবং নারী নির্যাতনের প্রতিবাদে গতকাল তিনি বর্ধমানের বড়নীলপুর মোড় থেকে মিছিল করেন। তৃণমূল কংগ্রেস সরকার এরাজ্যে ‘বেটি বাঁচাও বেটি পড়াও’, ‘আয়ুষ্মান ভারত’, বিশ্বকর্মা যোজনা’-র মতো প্রকল্পগুলি চালু করতে দেয়নি বলেও তাঁর অভিযোগ।

(বাইট- শুভেন্দু)

গতকাল আলিপুরদুয়ার জেলার ধুপগুড়ি মোড় থেকে ফালাকাটা পর্যন্ত ‘পরিবর্তন যাত্রা’-য় অংশ নেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তিনি বলেন, পশ্চিমবঙ্গ থেকে ভোটার কার্ড, আধার কার্ড তৈরী করে অনুপবেশকারীরা সারা দেশে ছড়িয়ে পড়ছে।

অন্যদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন, SIR নিয়ে পরিকল্পিতভাবে আতঙ্কের পরিবেশ তৈরির চেষ্টা চলছে।

(বাইট- অধীর)

জাতীয় স্তোত্র বন্দে মাতরম-এর দেড়শো বছর পূর্তি উদ্ধাপনে শামিল হচ্ছে কলকাতা রাজভবন। আজ ভারতীয় জাদুঘর থেকে রাজভবন পর্যন্ত ‘বন্দে মাতরম’ পদযাত্রার নেতৃত্ব দেবেন রাজ্যপাল ডষ্টের সিভি আনন্দ বোস। কলকাতার বিভিন্ন স্কুলের পুরুষ ও বিশিষ্টজনেরা এতে পা মেলাবে।

এরপর রাজভবনে Vande Mataram: Spirit of the Nation শীর্ষক এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

এছাড়াও থাকছে ‘বন্দে মাতরম ক্যালিগ্রাফি ওয়ার্কশপ’ এবং জনসাধারণের অংশগ্রহণে সমবেত সংগীত পরিবেশনা। রাজ্যপাল জানিয়েছেন, এই কর্মসূচীর মূল উদ্দেশ্য— নতুন প্রজন্মের মধ্যে দেশাত্মবোধ জাগ্রত করা।

রাজ্য সরকার, বন্দেমাতরম-এর সার্ধশতবর্ষ পালনে উদ্দেশ্যপ্রণোদিতভাবে বাধা দিচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, কলকাতার ৫ নম্বর প্রতাপ চ্যাটার্জি স্ট্রিটে বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বাসভবনে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কর্মসূচি থাকায় পরিকল্পিতভাবে ওই ভবনটিতে তালা দেওয়া হয়। বর্তমানে ভবনটি রক্ষণাবেক্ষণের দায়িত্ব কলকাতা পুরসভার হাতে থাকলেও সঠিকভাবে সেই কাজ হয় না। এ বিষয়ে তিনি মেয়রের দৃষ্টি আকর্ষণ করবেন বলে’ও জানিয়েছেন।

(বাইট - শমীক)

কেন্দ্রীয় সরকার অধিক মাত্রায় গুরুত্বপূর্ণ খনিজ পদার্থগুলির অনুসন্ধানে 'ন্যাশনাল ক্রিটিকাল মিনারেল মিশন' চালু করেছে। কলকাতায় গতকাল 'হিন্দুস্তান কপার লিমিটেডে'র ৫৯-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে খনি মন্ত্রী জি কিষণ রেড্ডি বলেন, এই প্রকল্পে ৩৪হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। ২০৪৭

সালে স্বাধীনতার শতবর্ষে দেশ এক উন্নত অর্থনীতিতে পরিণত হওয়ার পথে দৃঢ়ভাবে অগ্রসর হচ্ছে বলেও জানিয়েছেন তিনি।

(বাইট- খনি মন্ত্রী)

প্রাকৃতিক বিপর্যয়ে বিধ্বস্ত উত্তরবঙ্গে পুনর্বাসনের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আজ আবার সেখানে যাচ্ছেন।

দুপুরে বাগড়োগরা পৌঁছে শিলিঙ্গড়ির উত্তরকণ্যায় সব জেলাশাসককে নিয়ে বৈঠক করবেন তিনি। বন্যা পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় গৃহীত পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত আলোচনা হবে বৈঠকে। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে সাক্ষাৎ করে তাঁদের সমস্যার কথাও শুনবেন মুখ্যমন্ত্রী।

উত্তরে বাতাসে ভর করে রাজ্য জুড়ে শীতের আমেজ। উত্তর থেকে দক্ষিণ- সর্বত্রই তাপমাত্রার পারদ কমেছে বেশ কিছুটা। এই প্রবণতাই আগামী কয়েকদিন বজায় থাকবে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দণ্ডরের বিজ্ঞানী ডঃ অন্নেষা ভট্টাচার্য।

(বাইট- অন্নেষা)

শ্রীনিকেতনে গতকাল সর্বনিম্ন তাপমাত্রা ১৪.৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়। বাঁকুড়ায় তাপমাত্রা নেমে আসে ১৪ দশমিক ৯ ডিগ্রিতে।

অন্যদিকে, উত্তর দিনাজপুরের রায়গঞ্জে তাপমাত্রা স্বাভাবিকের থেকে ৪ দশমিক তিন ডিগ্রি কম ছিল।

আলিপুরে আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে- ১৯ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা প্রায় দুই ডিগ্রি কম।

৩১-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের পঞ্চম দিনে আজ ওপেন ফোরামের আলোচনায় অংশ নেবেন বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক রামেশ শর্মা এবং অভিনেতা, পরিচালক পরমব্রত চট্টোপাধ্যায়। শিশির মঞ্চে কৃত্রিম বুদ্ধিমত্তা এবং সিনেমার ভবিষ্যত শীর্ষক এক আলোচনা রয়েছে। বাংলা একাডেমিতে মাস্টার ক্লাস করাবেন ফিলিপিনো চলচ্চিত্র পরিচালক ব্রিলান্টে মেনডোজা। এর আগে গত সন্ধ্যায় ছুটির দিনে নন্দন চতুরে ছিল উপচে পড়া ভিড়। সিনেমা হলে ঢোকার জন্য যেমন ছিল লাইন ঠিক তেমনি একতারা মুক্ত মঞ্চে সিনে আড়ডা এবং বিভিন্ন প্রদর্শনী দেখতেও সিনেমা প্রেমী মানুষের তল নামে।

সুরাটে রঞ্জি ট্রফি ক্রিকেটে বাংলা, রেলওয়েজের বিরুদ্ধে প্রথম ইনিংসে ৩৭৭ রানে এগিয়ে আছে। গতকাল দ্বিতীয় দিনে বাংলার প্রথম ইনিংস ৪৭৪ রানে শেষ হয়। অনুষ্ঠুপ মজুমদার ১৩৫, সুমন্ত ৪৩ ও মুক্ত ১২০ রান করেন। এরপর রেলওয়েজ প্রথম ইনিংসে ব্যাট করতে নেমে দিনের শেষে ৫ উইকেটে ৯৭ রান করেছে।

ইডেনে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম টেস্টে অংশ নিতে ভারতীয় দলের প্রধান কোচ গৌতম গন্ধীর, অধিনায়ক শুভমন গিল সহ কয়েকজন ক্রিকেটার গতরাতে কলকাতায় এসেছেন। শুভমনের সঙ্গে এসেছেন জসপ্রীত বুমরা, ওয়াশিংটন সুন্দর, নীতীশ রেড্ডি ছাড়া বোলিং কোচ মর্নি মর্কেল, সহকারী কোচ রায়ান টেন দুশখাতে, এবং দলের সাপোর্ট স্টাফেরা। দমদম বিমানবন্দর থেকে কড়া নিরাপত্তার মধ্য দিয়ে তাঁদের হোটেলে নিয়ে যাওয়া হয়। বাকি ক্রিকেটাররা আজ কলকাতায় আসবেন।

ইডেনে আগামীকাল ভারতীয় দল অনুশীলন শুরু করবে। ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে প্রথম টেস্ট শুরু হচ্ছে শুক্রবার। দুই টেস্ট সিরিজের দ্বিতীয় টেস্ট গুয়াহাটিতে ২২শে নভেম্বর শুরু হবে।
